দৈনিক বাংলা

তারিখ 09 MAR 1995
পৃষ্ঠা ৫ কলাম ৫

২১

## জনমত

### কেজি স্কুলসমূহে ভারতীয় বই

সরকার গত বছর কেজি স্কুলে ভারতীয় বই পাঠ নিষিদ্ধ করে একটি নির্দেশ জারি করেছিলেন। কিন্তু সরকারী এ নির্দেশকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে কেজি স্কুলসমূহ এবারও আগের মতোই ভারতীয় বইই পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করেছে। ভারত থেকে মূল্যবান বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোটি কোটি টাকার বই আসছে, অথচ কর্তৃপক্ষ এ ব্যাপারে একেবারেই নির্বিকার। এসব বই আমদানীর ফলে দেশের কোটি কোটি টাকার বৈদেশিকত মুদ্রার অপচয় ঘটছে, ছেলেমেয়েদের মগজ ধোলাই হচ্ছে এবং আমরা অভিভাবকরা বিড়ম্বনার শিকার হচ্ছি। বইয়ের জন্য দিনের পর দিন লাইব্রেরীতে ধর্ণা দিতে হচ্ছে। প্রথমবার যাওয়ার পর লাইব্রেরী থেকে বলা হচ্ছে ভারত থেকে বই আসছে। দ্বিতীয়বার তারা বলছে, বই বেনাপোল আছে। তৃতীয়বার বলছে, বই ঢাকা এসেছে। এখনও কাছে পৌছেনি, আরেকদিন আসুন। এছাড়াও যার যেমন খুশি বইয়ের দাম নির্ধারণ করে তারা অস্বাভাবিক মাত্রায় অর্থ আদায় করছে।

এ বিষয়ে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করছি, অবিলম্বে কেজি স্কুলসমূহে জাতির স্বার্থবিরোধী ভারতীয় বই পাঠ্যভুক্ত করার ও তার আমদানী নিষিদ্ধ করার ব্যাপারে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।

—হাসান সারোয়ার চৌধুরী (সোহেল)
নূরুন নাহার চৌধুরী (সুইটি)
২০৭/২ এলিফেন্ট রোড
ঢাকা-১২০৫।

জনমত